| BGMEA University of Fashion & Technology এর সাধারণ শিক্ষার্থীদের বিগত ১৮-০৮-২০২৪ তারিখে ও পরবর্তীতে উত্থাপিত নানাবিধ দাবি: | গৃহীত পদক্ষেপ |
|---|---|
| (১) বিশ্ববিদ্যালয়ে সকল ধরণের রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করতে হবে। বিগত দিনে যে সকল শিক্ষক দলীয় রাজনীতির সাথে যুক্ত এবং রাজনৈতিক মদদদাতা হিসেবে রাজনৈতিক ক্ষমতার অপব্যবহার করেছেন আগামী ২৪ ঘন্টার মধ্যে বিশ্ববিদ্যালয় থেকে তাদের বহিষ্কার করতে হবে।<br><br>★ মহিবুল্লাহ স্যার (AMT)<br>★ মো: মিজানুর রহমান (TEM)<br>★ আবু বক্কার সিদ্দিকী (TE)<br><br>এছাড়াও যে সকল শিক্ষার্থী ক্যাম্পাসে রাজনীতির সাথে সংযুক্ত হয়ে এই বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের বিরোধিতা করেছে তাদের বিশেষ তদন্ত সাপেক্ষে আগামী ৭২ ঘন্টার মধ্যে তাদের ছাত্রত্ব বাতিল করতে হবে। | (১) এতদ বিষয়ে পৃথক পৃথক ভাবে উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠিত হয়েছে।<br>তদন্ত রির্পোট পাওয়ার পর বিধি মোতাবেক প্রয়োজনীয় পদক্ষপ গ্রহণ করা হবে। |
| (২) "বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে" আমাদের যে সকল শিক্ষার্থীরা আহত হয়েছে তাদের তালিকা তৈরি করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ থেকে বিশেষ সম্মাননা/ চিকিৎসার সহযোগিতা প্রদান করতে হবে। | (২) নিহত/আহত শিক্ষার্থীদের তালিকা DSW অফিস হতে প্রস্তুত করা হচ্ছে। নিহত সেলিম তালুকদারের পরিবারের জন্য প্রয়োজনীয় সকল রকমের সহায়তা প্রদান করা হয়েছে। আহত শিক্ষার্থীদের সাহায্যের জন্য যাবতীয় ব্যবস্থা নেওয়া হয়েছে এবং ভবিষৎতেও নেওয়া হবে। |
| (৩) আগামী ২৪ ঘন্টার মধ্যে ছাত্র, শিক্ষক এবং Alumni দের সমন্বয়ে একটি নিরাপত্তা কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটিতে সকল ডিপার্টমেন্টের উপস্থিতি বাধ্যতামূলকভাবে নিশ্চিত করতে হবে। উক্ত কমিটি বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বিরুদ্ধে বর্তমানে এবং ভবিষ্যতে যেন তারা কোন প্রকার হয়রানি বা বৈষম্যের শিকার না হয় সেই লক্ষ্যে কাজ করবে। | (৩) প্রস্তাবিত নিরাপত্তা কমিটি গঠনের কার্যক্রম ইতোমধ্যেই গ্রহণ করা হয়েছে। |
| (৪) চলমান সেমিস্টার ফি-তে ৩৫% ওয়েভার বাধ্যতামূলকভাবে দিতে হবে। | (৪) বর্তমানে বিভিন্ন বিষয়ে বিষয়ভিত্তিক ওয়েভার চালু রয়েছে। এছাড়াও শিক্ষার্থীদের জন্য নানা রকম বৃত্তি প্রদান করা হচ্ছে। ঢালাওভাবে ওয়েভার পদ্ধতি চালুর বিষয়টি বিশ্ববিদ্যালয়ের বর্তমান পলিসি লেবেলের সিদ্ধান্ত। এতদ বিষয়ে ট্রাষ্টি বোর্ডের সিদ্ধান্ত প্রয়োজন। বিষয়টি সময় সাপেক্ষ। তবে প্রস্তাবটি বিবেচনায় রেখে যথোপযুক্ত ব্যবস্থা গৃহীত হবে। |
| (৫) মেডিকেল ফ্যাসিলিটি বৃদ্ধি করা এবং প্রয়োজনীয় প্রাথমিক ওষুধের পর্যাপ্ত স্টোরেজ নিশ্চিত করা। দুইটি | (৫) প্রয়োজনীয় কার্যক্রম গৃহীত হয়েছে। ঔষুধের মজুদ বৃদ্ধি ও বেড বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করা হবে। |

| | |
|---|---|
| মেডিকেল বেড প্রতিস্থাপন করা গুরুতর শিক্ষার্থীদের জন্য। | |
| (৬) আধুনিক এবং অতিরিক্ত ওজন বহনে সক্ষম লিফটের ব্যবস্থা করা। | (৬) বর্তমানে চলমান লিফট গুলো যাতে যথাযথ সক্রিয় থাকে সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নতুন লিফটের জন্য অর্থায়নের ব্যবস্থা ও assessment এর কাজ শুরু হয়েছে। |
| (৭) ক্যাফেটেরিয়ায় খাবারের মান বৃদ্ধি করা এবং খাবারের দাম কমিয়ে আনা। দুপুরে বাধ্যতামূলক ৪০-৫০ টাকা প্যাকেজে ফুল সেট মিলের ব্যবস্থা রাখা। | (৭) খাবারের মান নিশ্চিত করা এবং যৌক্তিকভাবে কমানোর জন্য বলা হয়েছে। এতদ বিষয়ে নতুন কমিটি গঠন করা হয়েছে। কমিটি কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। |
| (৮) দুপুরে লাঞ্চ টাইমে গাজীপুর, মিরপুর, সাভার, নিউমার্কেট এবং উত্তরায় অন্তত একটি করে বাসের ব্যবস্থা করা। এবং অবশ্যই বাসের সিডিউল এবং লোকেশন জানার জন্য অ্যাপস ডেভেলপ করা। এছাড়াও উত্তরায় সকাল থেকে বিকাল পর্যন্ত ১৫ মিনিট পর পর বাস সার্ভিস নিশ্চিত করা। | (৮) বিষয়টি সময় সাপেক্ষ। এতদ বিষয়ে শিক্ষার্থীদের সাথে আলোচনা করে পরবর্তীতে ব্যবস্থা নেওয়া হবে। |
| (৯) সমগ্র ভার্সিটিতে স্ট্রং Wifi এবং মোবাইল নেটওয়ার্ক সুবিধা নিশ্চিত করা যা বর্তমানে খুবই দুর্বল। | (৯) এ বিষয়ে ইতোমধ্যেই পদক্ষেপ নেওয়া হয়েছে। আশা করা যায় অচিরেই বিদ্যমান ব্যবস্থার উন্নতি হবে। প্রতিনিয়ত এ ব্যাপারে মান উন্নয়নের কাজ অব্যাহত আছে। |
| (১০) প্রতিটা সেমিস্টারে নূন্যতম ২টা ফ্যাক্টরি ভিজিট সকল ব্যাচের জন্য নিশ্চিত করা। একটি মিড পরীক্ষার আগে এবং অন্যটি ফাইনাল পরীক্ষার আগে। | (১০) এতদ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। উল্লেখ্য ফ্যাক্টরি ভিজিট বর্তমানে চালু আছে। এ ব্যাপারে প্রয়োজনীয় সংখ্যক ফ্যাক্টরি ভিজিটের ব্যবস্থা পারস্পরিক আলোচনা সাপেক্ষে গ্রহণ করা হবে। |
| (১১) বিশ্ববিদ্যালয়ে আইটি সুবিধা বৃদ্ধির পাশাপাশি সকল নোটিশ প্রতিটি স্টুডেন্ট এর মেইল একাউন্ট এ প্রেরণ করা নিশ্চিত হতে হবে। | (১১) এ বিষয়ে শিক্ষার্থীদের আলোচনা সাপেক্ষে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। |
| (১২) ডিপার্টমেন্টে ফ্যাকাল্টি নিয়োগের ক্ষেত্রে তাদের যথাযথ ট্রেনিং নিশ্চিত করা। 3rd year and 4th year এর সকল ক্লাস নেওয়ার জন্য নূন্যতম ২ বছরের অভিজ্ঞতা অথবা M.sc ডিগ্রিধারী ফ্যাকাল্টি নিয়োগ দেওয়া। | (১২) বিষয়টি কর্তৃপক্ষের বিবেচনায় রেখেই ফ্যাকাল্টি নিয়োগ দেওয়া হয়। ভবিষ্যতে অধিকতর দৃষ্টি দেওয়া হবে। |
| (১৩) সিজিপিএ সিস্টেমে ওয়েভারের বিষয়ে পরিবর্তন আনা। ৩.৭৫ পেয়ে ২৫% ওয়েভার এবং ৪.০০ পেলে ৫০% ওয়েভার এটা অযৌক্তিক। ওয়েভার সিস্টেম ৩.৭০ থেকে শুরু করা। সেমিস্টারের রেজাল্ট ভিত্তিক ওয়েভার সিস্টেম চালু করা। | (১৩) বিষয়টি নীতি নির্ধারণ বিষয়ক। তবে কর্তৃপক্ষ ৩.৭৫ এর স্থলে ৩.৭০ নীতিগত ভাবে মেনে ইতোমধ্যেই ঘোষণা দিয়েছেন। পলিসি পরিবর্তনের জন্য কিছুটা সময় প্রয়োজন। আশা করা যায়, অচিরেই বাস্তবায়ন হবে। |
| (১৪) ল্যাব ফেসিলিটি যেমন সাধারণ শিক্ষার্থীদের প্র্যাকটিক্যালি হাতে ধরে কাজের সুবিধা নিশ্চিত করতে হবে। যন্ত্রাংশ নষ্ট হওয়ার নির্ভয়ে যেন শিক্ষার্থীরা শেখার পরিবেশ সৃষ্টি হয় সেটা অবশ্যই নিশ্চিত করতে হবে। | (১৪) বিষয়টি গুরুত্বের সাথে দেখা হচ্ছে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |

| | |
|---|---|
| (১৫) প্রতি দুই বছর পর পর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস একটি করে job fair এর আয়োজন করতে হবে। | (১৫) বর্তমানে Job Fair করা হচ্ছে। Job Fair যাতে নিয়মিত হয় সে বিষয়ে পদক্ষেপ নেওয়া হবে। |
| (১৬) বিশ্ববিদ্যালয় থেকে প্রতিটি শিক্ষার্থীর ইন্টার্ন সুবিধা নিশ্চিত করতে হবে। বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষার্থী যাতে এই সংক্রান্ত হয়রানির স্বীকার না হয়। | (১৬) এতদ বিষয়ে ইতোমধ্যেই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বর্তমানে তা চালুও আছে। |
| (১৭) ভার্সিটির ক্লাস সিডিউল পরিবর্তন করা। অনেক সময় একটা ক্লাসের পর দুইটা স্লট ফাঁকা থাকে বলে সময় নষ্ট হয়। ক্লাসগুলো যথা সম্ভব পরপর সজ্জিত করতে হবে। | (১৭) এ বিষয়ে গভীরভাবে চিন্তাভাবনা করা হবে। কিভাবে প্রচলিত সিস্টেমের আরো উন্নতি করা যায়। সকল সময়েই এটি প্রতি সেমিস্টারের ক্লাস শুরুর পূর্বে এ নিয়ে বিশ্লেষণ করা হয়, ভবিষ্যতেও শিক্ষার্থীদের সাথে আলোচনা করে ব্যবস্থা নেওয়া হবে। |
| (১৮) প্রতিটা সেমিস্টারে প্রত্যেক শিক্ষকের শিক্ষাদানের মান গুরুত্ব সহকারে ইভ্যালুশন করতে হবে। শিক্ষার্থীদের পূরণ কৃত ইভ্যালুশন ফরম সঠিকভাবে মূল্যায়ন করতে হবে এবং তার ফলাফল রেটিং আকারে শিক্ষার্থীদের দানে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১৮) এটি বর্তমানে করা হয়। ভবিষ্যতে যাতে এই প্রস্তাবটি যথাযথভাবে কার্যকর করা যায় সে দিকে বিশেষ দৃষ্টি দেওয়া হবে। |
| (১৯) ছাত্রদের ওয়েভার প্রদানের ক্ষেত্রে কোন প্রকার স্বজন প্রীতি এবং উচ্চ মহলের সুপারিশের পরিবর্তে দুস্থ এবং প্রকৃত পক্ষে অর্থনৈতিক ভাবে অসচ্ছল ছাত্রদের প্রাধান্য নিশ্চিত করতে হবে। | (১৯) বিষয়টি বিবেচনায় রেখেই কার্যক্রম গ্রহণ করা হচ্ছে এবং ভবিষ্যতেও করা হবে। |
| (২০) ইন্টার্নশিপের পূর্বে থিউরিটিক্যাল এবং প্র্যাকটিকাল সব ক্রেডিট সম্পূর্ণ করতে হবে। ইন্টার্নশিপ চলাকালীন সময়ে কোন ধরনের ক্লাস বা পরীক্ষা রাখা যাবে না। এছাড়াও ইন্টার্নশিপের ৩ ক্রেডিট এর বিপরীতে যেহেতু বিদ্যালয়ে কোন থিওটিক্যাল বা প্রাকটিক্যাল ক্লাস হচ্ছে না সেহেতু ইন্টার্নশিপ ৩ ক্রেডিট এর পরিবর্তে ১ ক্রেডিট করতে হবে। | (২০) এই বিষয়টি নিয়ে শিক্ষার্থীদের সাথে আলোচনা করে ব্যবস্থা নেওয়া হবে। |
| (২১) সকল ধর্মের শিক্ষার্থীর ধর্মীয় উৎসব উদযাপনের ক্ষেত্রে অতিরিক্ত ছুটি এবং অনুপস্থিতির বিষয়টি তে সহনশীল হতে হবে। | (২১) এ বিষয়ে ধর্মীয় উৎসবের ছুটি বৃদ্ধির প্রস্তাব বিবেচনা করা হচ্ছে। একাডেমিক ক্যালেন্ডারে প্রয়োজনীয় সমন্বয় করা হবে। |
| (২২) জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় প্রশাসনের যথাযথ পৃষ্ঠপোষকতা নিশ্চিত করতে হবে। | (২২) অধিকতর rationalize করা হবে। বর্তমানে প্রয়োজনীয় পৃষ্ঠপোষকতা করা হচ্ছে। ভবিষ্যতে বিষয়টি আরো গুরুত্বের সাথে বিবেচনা করা হবে। |
| (২৩) সমাবর্তন অনুষ্ঠান প্রতিবছর আয়োজন করতে হবে এবং যত দ্রুত সম্ভব ছাত্রদের অরিজিনাল সার্টিফিকেট প্রদান করতে হবে। কখনোই তা ৩ মাসের বেশি বিলম্বিত করা যাবে না। | (২৩) সমাবর্তন অনুষ্ঠানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে। তবে সমাবর্তন ছাড়াই শিক্ষার্থীরা যেকোন সময় মূল সনদপত্র উত্তোলন করতে পারবে। |
| (২৪) Board of trustees এর সকল সদস্য যেহেতু Textile এবং RMG সেক্টরের সাথে সরাসরি সম্পৃক্ত সেহেতু ইন্টার্নশীপ এবং চাকরির ক্ষেত্রে BUFT এর স্টুডেন্টদের অগ্রাধিকার দিতে হবে। এছাড়াও BGMEA এর research and | (২৪) এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়া হচ্ছে । employer-দের সাথে আলোচনা করা হচ্ছে। ভবিষ্যতে এ বিষয়ে আরো কার্যক্রম গ্রহণ করা হবে। বিষয়টি নিয়ে ইতোমধ্যেই বিজিএমইএ-এর সাথে আলোচনা করা হয়েছে। |

| | |
|---|---|
| development এর সাথে সম্পৃক্ত শিক্ষার্থীদের আলাদা অগ্রাধিকার এর সুবিধা নিশ্চিত করতে হবে। | |
| (২৫) ইন্ডাস্ট্রি সম্পর্কে ধারণা এবং অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে আগামী ৭ কার্য দিবসের মধ্যে সকল Alumni এবং বর্তমান শিক্ষার্থীদের মাঝে একটি পুনর্মিলনীর আয়োজন করতে হবে। একই সাথে বিশ্বিবদ্যালয়ে Alumni এবং শিক্ষার্থীদের মাঝে পারস্পরিক কাউন্সিলিং এর জন্য একটি আলাদা রুমের ব্যবস্থা করতে হবে। | (২৫) একটি আলাদা রুমের ব্যবস্থা করা হচ্ছে। Alumni-দের সাথে যোগাযোগ অব্যাহত আছে। পুনর্মিলনী ব্যবস্থা তাদের মাধ্যমেই করা হবে। সব ডিপার্টমেন্ট লেবেলে Alumni গঠিত হয়েছে। |
| (২৬) বাস ড্রাইভার, ক্লিনার এবং সিকিউরিটি গার্ডের বাংলাদেশ শ্রম আইন অনুযায়ী সকল ধরনের ওভারটাইম সুবিধা নিশ্চিত করতে হবে। | (২৬) বিধি মোতাবেক ওভারটাইম দেওয়া হয়। এ বিষয়ে অধিকতর পরীক্ষা-নিরীক্ষা করা হবে। |
| (২৭) চলতি সেমিস্টারে (Spring-২৪১) সকল শিক্ষার্থীদের ফাইনাল এক্সাম বাতিল ঘোষণা করে এর বিকল্প ব্যবস্থা নিতে হবে এবং কোনমতেই মিড এক্সামের ভিত্তিতে বা কোন গড় পদ্ধতিতে ফাইনালের রেজাল্ট করা হবে না। বিকল্প হিসেবে যা করতে হবে: থিওরি এক্সাম (Theory Exam) বাতিল করে 'সাপ্তাহিক এসাইনমেন্ট" নিতে হবে (৭ম সেমিস্টার পর্যন্ড়)। -৮ম সেমিস্টার ও যাদের ইন্টার্নশিপ রয়েছে তাদের ক্ষেত্রে, বিশেষ ব্যবস্থা সাপেক্ষে সহজ উপায়ে মূল্যায়ন নিশ্চিত করতে হবে।<br>---সকল কার্যক্রম এক (১) মাসের মধ্যে সমাধান করতে হবে এবং কোন অবস্থাতেই সেশন জট যাতে তৈরি না হয় সেটা নিশ্চিত করতে হবে।<br>--সকল ডিপার্টমেন্টে থেকে ল্যাব রিপোর্ট এর উপর ভিত্তি করে নম্বর ভাগ করতে হবে। শুধুমাত্র BFS I FDT এর ল্যাব এক্সাম অনুষ্ঠিত হবে।<br>*বিদ্রঃ উক্ত দাবি FDT এবং BFS-এর জন্য প্রযোজ্য নয়। | (২৭) এ বিষয়ে শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনা ক্রমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। |
| (২৮) শিক্ষার্থীরা যেন তাদের নামের পাশে "ইঞ্জিনিয়ার" ট্যাগ দিতে পারে, সেজন্যে কর্তৃপক্ষকে 'IEB Certificate"-এর ব্যবস্থা নিতে হবে। (বি.দ্র. একমাসের মধ্যে উক্ত দাবী কার্যকর করতে হবে। | (২৮) এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা হচ্ছে। ইতোমধ্যেই BAC-এর সাথে আলোচনা করা হয়েছে। |
| (২৯) ক্লাস ৯:৩০ থেকে সর্বোচ্চ ৪ টা পর্যন্ত। | (২৯) শিক্ষার্থীদের সাথে আলোচনা করে ব্যবস্থা নেওয়া হবে। |
| (৩০) ল্যাব ক্লাস ব্যতিত থিওরি ক্লাস ১ ঘন্টা। | (৩০) শিক্ষার্থীদের সাথে আলোচনা করে ব্যবস্থা নেওয়া হবে। |
| (৩১) এএমটি বিভাগে শিক্ষক নিয়োগ দিতে হবে। | (৩১) প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে। ইতোমধ্যেই নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। |



| | |
|---|---|
| (৩২) সকল পরিবার সমানভাবে সচ্ছল না। তাই ইনস্টলমেন্টের সিস্টেম পরিবর্তন করে আগের মত তিন ভাগে দেওয়া হোক। | (৩২) এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। |
| (৩৩) শিক্ষার্থীবান্ধব পরিবেশ সৃষ্টির মাধ্যমে সোমবার (১৯/০৮/২০২৪) হতে ক্লাস শুরু করা। | (৩৩) ইতোমধ্যেই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আগামী ২৫-০৮-২০২৪ তারিখ থেকে ক্লাশ শুরু হবে। |
| (৩৪) লিফট সংখ্যা বৃদ্ধি, বাস সংখ্যা বৃদ্ধি, ক্যান্টিনের খাবারের মান ঠিক রেখে দাম কমানো, লাইব্রেরীতে পানির ফিল্টার ব্যবস্থা করা। | (৩৪) বিষয়ে চিন্তাভাবনা চলছে। বিষয়টি সময় সাপেক্ষ। সবকিছুই শিক্ষার্থীদের স্বার্থে অচিরেই করা হবে। |
| (৩৫) সকলের জন্য উন্মুক্ত, প্র্যাকটিস করার জন্য আলাদা সুইংল্যাব, CAD ল্যাব রাখা যেখানে শুধুমাত্র প্র্যাকটিস করতে পারবে শিক্ষার্থীরা, পাশাপাশি পুরাতন এবং ক্ষতিগ্রস্থ মেশিন, যন্ত্রপাতি পরিবর্তন করা। | (৩৫) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| (৩৬) ক্যান্টিনে শিক্ষার্থীদের নিজেদের তৈরীকৃত খাবার বিক্রির জন্য একটি আলাদা Sales Booth রাখা যেখানে রুটিন মাফিক বিভিন্ন ডিপার্টমেন্টের শিক্ষার্থীরা চাইলে খাবার বিক্রি করতে পারবে। | (৩৬) চিন্তাভাবনা ও আলোচনা করে পদক্ষেপ গ্রহণ করা হবে। |
| (৩৭) শিক্ষার্থী ইন্সুরেন্স, টিউশন ফি লোন এবং ভর্তির সময় নির্ধারিত ব্যাংকে ফ্রি (কার্ড ও চেক ফিঃ ব্যাতিত) স্টুডেন্ট একাউন্ট খুলে দেওয়া এবং একাউন্ট থেকে সরাসরি অনলাইন/একাউন্ট ট্রানজেকশন করে যেন ফি প্রদান করা যায়। | (৩৭) এ বিষয়ে আলোচনা করে ব্যবস্থা নেওয়া হবে। |
| (৩৮) জাতীয় পর্যায়ে বিজয়ী (যেকোনো ক্ষেত্রে) শিক্ষার্থীদের জন্য এক সেমিস্টারের জন্য হলেও ওয়েবার ব্যবস্থা করা। | (৩৮) আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। |
| (৩৯) আইডি কার্ডে এবং এর ফিতার ধরন চেঞ্জ করা। | (৩৯) ইতোমধ্যেই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। |
| (৪০) মেডিকেল রুম এ স্যানিটারি প্যাড সার্বক্ষণিক উপস্থিত থাকা যাতে মেয়েরা গিয়ে প্রয়োজনে নিতে পারে এবং মেয়ে ডাক্তার এর উপস্থিতি সার্বক্ষণিক নিশ্চিত করা, মেডিকেল রুমে ওষুধের সরবরাহ কম, যেমন মাথাব্যথার ঔষধ বমির ঔষধ, এরকম দরকারি ওষুধগুলোর সরবরাহ বাড়ানো। | (৪০) ইতোমধ্যেই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। |
| (৪১) নন-কলেজিয়েট শিক্ষার্থীর জন্য ১০০০ টাকা জরিমানার পরিবর্তে ৫০০ টাকা করা। | (৪১) বিষয়টি নিয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে। |
| (৪২) লাইব্রেরীতে গ্রুপ স্টাডি বন্ধ করতে হবে এবং লাইব্রেরীতে বসে ফেসবুক, মোবাইল চালানো, ভিডিও দেখা এসব বন্ধ করা। ভার্সিটির স্টাফদের লাইব্রেরীতে বসে নানা রকম গল্প বন্ধ করতে হবে। লাইব্রেরী থাকবে পিন ড্রপ সাইলেন্স। | (৪২) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |

[signature] 22/08/24